

001

### জাতীয় কম্পিউটার বোর্ডের প্রথম বৈঠক

জাতীয় কম্পিউটার বোর্ডের প্রথম বৈঠক গত সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী এবং জাতীয় কম্পিউটার বোর্ডের চেয়ারম্যান জনাব এম এ মুনএম বৈঠকে সভাপতিত্ব করেন। খবর তথ্য বিবরণীর। ৭-এর পাতায় দেখুন

### জাতীয় কম্পিউটার

প্রথম পৃষ্ঠার পর

বৈঠকে অন্যান্যের মধ্যে পরিকল্পনা কমিশনের সদস্য কাজী ফয়সুর রহমান, পিএসও টু সুপ্রীম কমান্ডার মেজর জেনারেল মোঃ আবদুল দতিক, পিএসসি, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সচিববৃন্দ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং জাতীয় কম্পিউটার বোর্ডের পরিচালক (প্রধান নির্বাহী কর্মকর্তা) কর্নেল মোঃ আজিজুর রহমান উপস্থিত ছিলেন।

বৈঠকে জাতীয় কম্পিউটার বোর্ড (জাকব)-এর সাংগঠনিক কাঠামো এবং এর কার্য পদ্ধতি নির্ধারণ সম্পর্কে বিশদ আলোচনা হয় এবং বোর্ডের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ৬ সদস্যের একটি নির্বাহী কমিটি এবং ৮ সদস্যের একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়।

তাছাড়া, বৈঠকে কম্পিউটারে বাংলা ভাষা ব্যবহার (ওয়ার্ড প্রসেসিং ও ডাটা প্রসেসিং)-এর ক্ষেত্রে বর্তমানে বিরাজমান অসুবিধাসমূহ নিয়ে আলোচনা হয় এবং এ কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে দেশের বিভিন্ন কম্পিউটার ও ভাষা বিশেষজ্ঞদের সমন্বয়ে "কম্পিউটারে বাংলা ভাষা বাস্তবায়ন" বিষয়ক কমিটি পুনর্গঠন করা হয়। দেশে রফতানীমুখী কম্পিউটার শিল্প (হার্ডওয়্যার এবং সফটওয়্যার) স্থাপনের বিষয়টিও বিশেষ গুরুত্বসহকারে বৈঠকে আলোচিত হয়।

জাতীয় কম্পিউটার বোর্ডের এই প্রথম বৈঠকে ১৯৮৮-৮৯ অর্থ বছরে জাতীয় কম্পিউটার বোর্ডের জন্য ১ কোটি টাকার বাজেট অনুমোদন করা হয়।